ইত্তেফাক

তারিখ ... 21/6/83 ...

## আইন-আদালত

# প্রাথমিক শিক্ষক সমিতির সভাপতি আজাদের সাজা

(কোর্ট রিপোর্টার)

সম্পত্তির হিসাব দাখিল না করার দায়ে বাংলাদেশ প্রাথমিক শিক্ষক সমিতির সভাপতি ও ঢাকা বিশ্ববিদ্যালয়ের সমাজ বিজ্ঞান বিভাগের লেকচারার জনাব আবুল কালাম আজাদকে দুই বৎসরের বিনাশ্রম কারাদণ্ড ও ৫০ হাজার টাকা জরিমানা অনাদায়ে আরও এক বৎসরের বিনাশ্রম কারাদণ্ড প্রদান করা হয়।

— ঢাকার স্পেশাল জজ জনাব এস. এম আবদুস সামাদ গত বৃহস্পতিবার ১৯৫৭ সনের দুর্নীতি দমন আইনের ৪ (১) ধারা মোতাবেক অভিযুক্ত জনাব আজাদকে সাজা প্রদান করেন। মামলার বিবরণে প্রকাশ, সরকারের বিশ্বাস করার যথেষ্ট কারণ ছিল যে, জ্ঞাত সূত্রের আয়ের অতিরিক্ত সম্পত্তি জনাব আবুল কালামের আছে তাই সরকারের নিকট তাঁহার সম্পত্তির হিসাব ও দেনা দাখিল করার জন্য বলা হয়। জনাব আজাদ উক্ত হিসাব দাখিল করার জন্য ২০/৬/৮১ তারিখ পর্যন্ত সময় নেন। উক্ত তারিখ অতিক্রান্ত হওয়ার পরও তিনি সম্পত্তির হিসাব দাখিল করেন নাই বিধায় এই মামলা দায়ের করা হয়।

আসামী পক্ষ হইতে বলা হয় যে, শিক্ষায়তন সংক্রান্ত কাজে ব্যস্ত থাকার দরুন সম্পত্তির হিসাব দাখিল করার জন্য সরকারের নিকট সময় প্রার্থনা করিয়া দরখাস্ত দাখিল করেন। কিন্তু উক্ত চিঠির উত্তর না পাওয়ায় তিনি হিসাব দাখিল করিতে পারেন নাই।

মাননীয় বিচারক বলেন, সাক্ষী-প্রমাণ ও কাগজপত্র পর্যালোচনা করিয়া দেখা যায় যে, অভিযুক্ত জনাব আজাদ ইচ্ছাকৃতভাবে সম্পত্তির হিসাব দাখিল করেন নাই। তাই তাঁহাকে দোষী সাব্যস্ত করা হইল।

সরকার পক্ষে ছিলেন জনাব কবীর উদ্দিন আহমেদ এবং আসামী পক্ষে ছিলেন খোন্দকার মাহাবুব হোসেন, এডভোকেট।